# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 30-08-2026** **Time: 1.40 P.M.**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আকাশবাণীতে আজ তাঁর ১৩৭-তম "মন কি বাত" অনুষ্ঠানে সর্বনাশা **নেশার বিরুদ্ধে** যুবসমাজকে লড়াই করার আহ্বান জানান। 'নেশা মুক্ত ভারত' গঠনে যাঁরা এগিয়ে আসছেন তিনি তাদের কুর্নিশ জানান। নেশা মুক্ত জীবনের লক্ষ্যে প্রধানমন্ত্রী সঙ্গীতজ্ঞ, থিয়েটারের দল, ছাত্র-ছাত্রী সকলের কাছেই সৃজনশীল কাজের মাধ্যমে নেশা মুক্ত ভারত গঠনের ডাক দেন। ।

( বাইট- নেশার বিরুদ্ধে )

প্রধানমন্ত্রী, কিংবদন্তী চলচ্চিত্র অভিনেতা মহানায়ক **উত্তম কুমারের** আসন্ন জন্মশতবর্ষ উদ্‌যাপন সম্পর্কে বলেন, কঠোর পরিশ্রম করে তিনি বিভিন্ন চরিত্রকে জীবন্ত করে তুলতেন। মানুষের হৃদয়ে তাঁর স্থান চিরকালীন। পরিশ্রমের বিকল্প হয় না, কাজের প্রতি নিষ্ঠা থাকলে একদিন সাফল্য আসবেই- উত্তরমকুমার তার প্রমাণ।

( বাইট- উত্তম কুমার)

প্রতি মাসের এই বেতার অনুষ্ঠানে শ্রী মোদী, 'PM স্বনিধি যোজনা'র কথা উল্লেখ করেন। লক্ষ লক্ষ মহিলার ক্ষমতায়নের পথে এই যোজনা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে। স্বল্প পুঁজিতে ব্যবসা করার দিশা দেখিয়েছে এই যোজনা। দেশে ৩৫ লক্ষ মহিলা এই যোজনার সঙ্গে যুক্ত হয়ে ব্যবসা করছেন। দেশের আর্থসামাজিক পরিকাঠামো গঠনে পিএম স্বনিধি যোজনা অত্যন্ত উল্লেখযোগ্য হয়ে উঠেছে।

( বাইট- PM স্বনিধি যোজনা )

এবারের স্বাধীনতা দিবসের অনুষ্ঠান উপলক্ষে ৮ কোটিরও বেশি ত্রিবর্ণ রঞ্জিত তেরঙা পতাকার সঙ্গে সেলফি আপলোড হয়েছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন। এই পতাকা নিয়ে দেশবাসীর উচ্ছ্বাস ভালোবাসা কখনো ভুলে যাবার নয়। এই উৎসব শুধুমাত্র ভারতবর্ষেই সীমাবদ্ধ থাকেনি, এই বছর 'সূর্য পথ তিরঙ্গা' অভিযানের মাধ্যমে আমাদের তেরঙা পতাকা বিশ্বে এক অনন্য যাত্রাপথে পাড়ি দিয়েছে, যা এক অভিনব ঘটনা।

প্রধানমন্ত্রী বলেন, শ্রী অমরনাথ জীর যাত্রাতে চলতি বছর স্বচ্ছতার এক চমকপ্রদ ছবি দেখা গেছে। দুর্গম রাস্তায় হাজার হাজার কর্মী দিনরাত সেবা করে গেছেন। পরিচ্ছন্নতা রক্ষায় তাদের ভূমিকা ছিল অত্যন্ত উল্লেখযোগ্য। এই পবিত্র যাত্রায় সেবা ও স্বচ্ছতা এক দৃষ্টান্ত হয়ে রয়েছে।

মন কি বাত প্রসঙ্গে প্রাক্তন সেনাকর্তা ও হুগলী জেলার উত্তরপাড়ার বিধায়ক দীপাঞ্জন চক্রবর্তী বলেন স্বাধীনতা উত্তর ভারতের কোন প্রধানমন্ত্রীর মানুষের সাথে যোগাযোগের কোন রাস্তা ছিলনা। প্রধানমন্ত্রী ভারতের কোটি কোটি মানুষের আশা আকাঙ্খার প্রতিক। মানুষের সঙ্গে যোগাযোগের ক্ষেত্রেই দৃষ্টান্ত স্থাপন করেছেন শ্রী মোদী।

oooooooooooooooooooooo

নেপালে ভয়াবহ বিপর্যয়ের হাত থেকে রক্ষা পেয়েছেন, বসিরহাটের বাসিন্দা অনুকূল পোদ্দার এবং তার স্ত্রী রেবা রায় পোদ্দার। জানা গেছে, বিপদ আঁচ করতে পেরে তাদের চালক, গাড়ি বিপর্যয়স্থল থেকে দ্রুত নিরাপদ জায়গায় নিয়ে যান। ফলে অনুকূল বাবুর পরিবার সহ ২২ জন পর্যটকের প্রাণ রক্ষা পায়। আজই ওই দম্পতি পুলিশী নিরাপত্তায় বাসভবনে ফিরেছেন।

এদিকে, নেপালে ঘুরতে গিয়ে প্রাকৃতিক দুর্যোগের মুখে পড়া আরামবাগের ৬৫ জন পর্যটক সম্পূর্ণ নিরাপদে রয়েছেন। গতকাল এক ভিডিও বার্তায় তারা পরিবারের

সদস্যদের আশ্বস্ত করেছেন। দুর্যোগে টেলিযোগাযোগ ব্যবস্থা ব্যহত হওয়ায় তাঁদের সঙ্গে সব ধরণের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়।

তবে,, মুকুল রায়ের পুত্রবধূ শর্মিষ্ঠার এখনো সন্ধান না মেলায় উৎকণ্ঠায় রয়েছে পরিবার।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী দলীয় প্রশিক্ষণ শিবিরে যোগ দিতে আজ পশ্চিম মেদিনীপুরের খড়্গপুরে যাচ্ছেন। সেখানে একটি হোটেলে দলীয় প্রশিক্ষণ শিবিরে যোগ দেবেন তিনি।

ওই হোটেলেই গতকাল শুরু হয়েছে ঘাটাল সাংগঠনিক জেলার দীনদয়াল উপাধ্যায় প্রশিক্ষণ শিবির। এই শিবিরেই মুখ্যমন্ত্রীর নেতৃত্ব দেওয়ার কথা।

বিজেপি জেলা সভাপতি তন্ময় দাস বলেছেন, মুখ্যমন্ত্রী প্রশিক্ষণ শিবিরে দলের দায়িত্ব কর্তব্য এবং প্রশাসনিক সমন্বয় নিয়ে মতবিনিময় করবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী দিলীপ ঘোষ বলেছেন, VB-GRAM-G প্রকল্পে ইচ্ছুক ব্যক্তিরা সকলেই কাজ পাবেন।

প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার পর্যাপ্ত অর্থ বরাদ্দ করেছে। শ্রী ঘোষ মালদা থেকে গতরাতে মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জে আসেন। আজ সেখানে তাঁর একটি দলীয় কর্মসূচী রয়েছে।

হুগলীর জনাই পঞ্চায়েতে VB-GRAM-G প্রকল্পে ইতমধ্যেই ১১০ জন নাম নথিভুক্ত করেছেন। পঞ্চায়েত সূত্রে জানানো হয়েছে, আরো অনেকে এই প্রকল্পে যুক্ত হতে আগ্রহ প্রকাশ করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার উত্তর বন্দর থানার পি কে ঠাকুর ঘাটের সামনে শনিবার রাতে সন্তোষ চৌধুরী নামে এক ব্যক্তিকে লক্ষ্য করে অমিত ওরফে কার্তিক সোনকরের বিরুদ্ধে গুলি চালানোর অভিযোগ ওঠে । গুলিতে জখম সন্তোষকে উদ্ধার করে মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। পারিবারিক বিবাদই এই গুলি চালনার কারণ বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। অভিযুক্তকে গ্রেফতার করতে একাধিক জায়গায় তল্লাশি চালাচ্ছে পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর এবং সংলগ্ন পশ্চিমবঙ্গ ও উত্তর ওড়িশা উপকূলের উপর একটি নিম্নচাপ অবস্থান করছে। আগামী ২৪ ঘণ্টায় এটি আরো ঘনীভূত হয়ে পশ্চিম উত্তর-পশ্চিমে অগ্রসর হবে। এর ফলে আজও রাজ্যের বেশ কিছু জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। পূর্ব পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়গ্রাম জেলায় রয়েছে ভারী থেকে অতি ভারী বৃষ্টির কমলা সতর্কতা। ভারী বৃষ্টির হলুদ সতর্কতা রয়েছে কলকাতা উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা হাওড়া হুগলি বাঁকুড়া এবং পুরুলিয়া জেলায়। এছাড়া পূর্ব মেদিনীপুর এবং দক্ষিণ ২৪ পরগনা জেলায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।। মৎস্যজীবীদের মঙ্গলবার পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে। উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০